দৈনিক জনকণ্ঠ

তারিখ 16 NOV 2006 পৃষ্ঠা 12 কলাম 2

# বদরুন্নেসা কলেজ বন্ধ ঘোষণা পরীক্ষা স্থগিত ॥ ছাত্রদলের তাণ্ডবের জের

**স্টাফ রিপোর্টার** ॥ ছাত্রদলের তাণ্ডবে বদরুন্নেসা মহিলা কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। বাতিল করা হয়েছে সকল পরীক্ষা। কর্তৃপক্ষ হল ত্যাগের নির্দেশ দিলেও এখনও ছাত্রদলের নেত্রীর ক্যাডাররা হল ত্যাগ করেননি। এদিকে বুধবার হঠাৎ হোস্টেল বন্ধ ঘোষণায় সাধারণ ছাত্রীরা বিপাকে পড়েছে। অনেকে অভিযোগ করেন, যারা শিক্ষাঙ্গনে অশান্তি সৃষ্টি করল, তাদের বিরুদ্ধে কর্তৃপক্ষ কোন ব্যবস্থা না নিয়ে উল্টো সাধারণ ছাত্রীদের হয়রানি করছে।

উল্লেখ্য, গত দু'দিন ছাত্রদলের কলেজ শাখার সভাপতি লিজার নেতৃত্বে তার বহিরাগত মহিলা ক্যাডার বঙ্গবন্ধুর ছবি ভাংচুর ও ছাত্রলীগের নেত্রী আশাকে একা পেয়ে মারধরের ঘটনাকে কেন্দ্র করে শিক্ষাঙ্গন অশান্ত করে তোলে। দেশের নায়করা শিক্ষা প্রতিষ্ঠান বদরুন্নেসা মহিলা কলেজে দু' হাজার শিক্ষার্থীর শিক্ষা পরিবেশ অনিশ্চিত ভবিষ্যতের দিকে ঠেলে দিয়েছে তারা।

জানা গেছে, মঙ্গলবার ছাত্রলীগের নেত্রী রেহানা বেগম গুরুতর আহতের খবর ছড়িয়ে পড়লে বিক্ষোভে ফেটে

(১১- পৃষ্ঠা ১-এর কঃ

## বদরুন্নেসা কলেজ

(১২-এর পাতা

কলেজ ছাত্রলীগের নেতাকর্মীরা। ক্যাম্পাসে সন্ধ্যা গ্রুপের মধ্যে ধাওয়া পাল্টাধাওয়া হয়। পরে ক নির্দেশে রাতেই বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন ক পুলিশ ছাত্রলীগের নেতাকর্মীদের বের করে দেয় রহস্যজনক কারণে পুলিশ ছাত্রদলের নেতাকর্মীদের ব্যবস্থা নেয়নি। এদিকে গভীর রাতে পুলিশের ছাত্রদলের নেত্রী লিজা, পাপন, পান্না, সুনাসহ ৩০ হলে অবস্থান করে। লোহার রড, লাঠিসোটা হা মহড়া দেয় তারা। নিজেদের অবস্থান নিশ্চিত প্রদর্শনের জন্য গভীর রাতে ক্যাম্পাসে পর পর